

ভারতে পর্তুগালের প্রধানমন্ত্রীর রাষ্ট্রীয়সফরের সময় প্রধানমন্ত্রীর সংবাদ বিবৃতি (০৭ জানুয়ারি, ২০১৭)

নয়াদিল্লি, ৯ জানুয়ারি, ২০১৭

মহামান্য, প্রধানমন্ত্রী অ্যান্টোনিও কোস্তা,
সম্মাননীয় প্রতিনিধিবর্গ,
প্রচার মাধ্যমের সদস্যগণ,
বন্ধুগণ,
আপনাদের সবাইকে শুভসন্ধ্যা।
মহামান্য,

ভারতে আপনাকে এবং আপনার প্রতিনিধিদের স্বাগত জানাতে পেরে আমি বিশেষভাবে আনন্দিত হয়েছি। ভারতে এটা আপনার প্রথম সরকারি সফর হতে পারে, কিন্তু আপনি ভারতে অপরিচিত নন অথবা ভারত আপনার কাছে অজানা নয়। তাই এই শীতের সন্ধ্যায় উষ্ণ অভ্যর্থনা জানিয়ে আমি এটাও বলতে চাই, ফিরে আসার জন্য স্বাগত! বেঙ্গালুরুতে প্রবাসী ভারতীয় দিবস উদযাপন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার জন্য আমাদের আমন্ত্রণে আপনি সাড়া দেওয়ায় আমরা বিশেষভাবে সম্মানিত হয়েছি। আগামীকাল আমরা, ভারতে যার পারিবারিক শেকড় রয়েছে এমন একজন বিশিষ্ট নেতা হিসেবে আপনার অসামান্য উপলব্ধি উদযাপন করার বিশেষ সুযোগ পাবো। আপনার প্রধানমন্ত্রিস্বের অধীনে পর্তুগাল যে বিভিন্ন সাফল্য অর্জন করেছে তার জন্যও আপনাকে অভিনন্দন জানাই। আপনার নেতৃত্বে পর্তুগিজ অর্থনীতি এক দূততার সঙ্গে সঠিক পথে চলছে।

বন্ধুগণ,

ভারত ও পর্তুগাল নিজেদের ঐতিহাসিক বন্ধনের ওপর ভিত্তি করে আধুনিক দ্বিপাক্ষিক অংশিদারিত্ব গড়ে তুলেছে। আমাদের সহযোগিতা সংযুক্ত রাষ্ট্রসংঘ সহ বিশ্বের বিভিন্ন ক্ষেত্রে সম-মানসিকতার দ্বারাও শক্তিশালী হয়ে উঠেছে। প্রধানমন্ত্রী কোস্টার সঙ্গে আজ আমার ব্যাপক আলোচনায় আমরা বিভিন্ন বিষয় নিয়ে ভারত ও পর্তুগালের পারস্পরিক সম্পর্ক পর্যালোচনা করেছি। আমরা সম্মত হয়েছি যে, আমাদের মধ্যকার অংশিদারিত্বে আর্থিক সুযোগের সম্পূর্ণ সম্ভাবনা উপলব্ধি করতে

TRIPURAINFO

আমাদেরকে কর্মভিত্তিক পদ্ধতির ওপর দৃষ্টি নিবদ্ধ করতে হবে। আজ যেসব চুক্তি স্বাক্ষরিত হয়েছে, সেগুলি শুধুমাত্র আমাদের পারস্পরিক সংকল্পের একটি চিহ্ন মাত্র।

বন্ধুগণ,

আমাদের দুই দেশের মধ্যে বাণিজ্য, বিনিয়োগ এবং ব্যবসার ক্ষেত্রে অংশীদারিত্বের সম্প্রসারণ ও গভীরতর করা হচ্ছে আমাদের অগ্রাধিকারের ক্ষেত্র। পরিকাঠামো, বর্জ্য ও জল ব্যবস্থাপনা, সৌর ও বায়ু শক্তি এবং উদ্ভাবনার ক্ষেত্রগুলিতে আমাদের দুই দেশের মধ্যে শক্তিশালী বাণিজ্যিক সম্পর্ক তৈরির বিশাল সম্ভাবনা রয়েছে। স্টার্ট-আপ এর জন্য একটি বাস্তবতন্ত্র তৈরির ক্ষেত্রে আমাদের অভিজ্ঞতা দ্বিপাক্ষিক সম্পর্কের ক্ষেত্রে এক দারুণ ক্ষেত্র হতে পারে। এটা আমাদের তরুণ উদ্যোগীদের মধ্যে একটা ফলপ্রসূ অংশীদারিত্ব তৈরির এক অনন্য সম্ভাবনা প্রদান করে যা আমাদের সমাজের জন্য মূল্য ও সম্পদ নির্মাণ করবে। আমি সুনিশ্চিত যে, স্টার্ট-আপ ইন্ডিয়া এবং স্টার্ট-আপ পর্তুগালের মধ্যকার অংশীদারিত্ব আমাদের পারস্পরিক পরিবর্তন ও উন্নতির ক্ষেত্রে সহায়ক হবে। প্রধানমন্ত্রী কোস্তা ও আমি নিরাপত্তা ও প্রতিরক্ষার ক্ষেত্রেও আমাদের অংশীদারিত্ব আরও গভীর করার জন্য সম্মত হয়েছি। প্রতিরক্ষা সহযোগিতার ক্ষেত্রে আজ যে মডেল স্বাক্ষরিত হয়েছে, তা আমাদের পারস্পরিক সুবিধার জন্য নিজ নিজ শক্তি বৃদ্ধিতে সহায়তা করবে। আমাদের দ্বিপাক্ষিক বন্ধনের ক্ষেত্রে সম্ভাবনাপূর্ণ আরেকটি বিষয় হচ্ছে ক্রীড়াক্ষেত্র। মহামান্য, আমরা জানি যে আপনি একজন আগ্রহী ফুটবল প্রেমিক। ফুটবলে পর্তুগালের দক্ষতা এবং এই খেলায় ভারতের দ্রুত অগ্রগতি ক্রীড়া-শৃঙ্খলার ক্ষেত্রে প্রকাশমান অংশীদারিত্বের মূল কেন্দ্র গঠন করতে পারে।

বন্ধুগণ,

বিভিন্ন আন্তর্জাতিক বিষয়ে ভারত ও পর্তুগাল একই রকম দৃষ্টিভঙ্গি পোষণ করে। রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদে ভারতের স্থায়ী সদস্যদের ক্ষেত্রে পর্তুগালের দৃঢ় সমর্থনের জন্য আমি প্রধানমন্ত্রী কোস্তাকে ধন্যবাদ জানাই। তাছাড়া মিসাইল টেকনোলজি কন্ট্রোল রিজিম এবং নিউক্লিয়ার সাপ্লায়ার গ্রুপে ভারতের সদস্যদের জন্য পর্তুগাল অব্যাহত সমর্থনের হাত বাড়িয়ে দেওয়ায় আমরা কৃতজ্ঞ। আমরা ক্রমবর্ধমান ও বিস্তৃতভাবে ছড়িয়ে পড়া হিংসা ও সন্ত্রাসের হুমকির বিরুদ্ধে দ্রুত ও

TRIPURAINFO

শক্তিশালী পদক্ষেপ গ্রহণে আন্তর্জাতিক সম্প্রদায়ের এগিয়ে আসার প্রয়োজনীয়তা নিয়েও আলোচনা করেছি।

মহামান্য,

ভারত ও পর্তুগালের এক সাধারণ সাংস্কৃতিক প্রেক্ষাপট রয়েছে। আমরা এই ক্ষেত্রে এবং গোয়ান ও ইন্দো-পর্তুগিজ সাহিত্যের সমৃদ্ধির জন্য আপনার পিতা ওর্নান্দো কোস্টার অবদানের কথা গভীরভাবে উপলব্ধি করি। আজ আমরা দুটি নৃত্য-শৈলী নিয়ে স্মৃতিরক্ষামূলক স্মারক ডাক টিকিটের প্রকাশ করেছি। একটি পর্তুগিজ ও একটি ভারতীয় এই দুটি শিল্প-শৈলী আমাদের সাংস্কৃতিক সম্বন্ধ ও অনুরাগের এক অসাধারণ উদাহরণ।

মহামান্য,

আগামী কয়েকদিন ভারতে আপনার ভ্রমণ ও সংযুক্তির অসাধারণ কর্মসূচি রয়েছে। আপনি ও আপনার প্রতিনিধিবর্গের বেঙ্গালুরু, গুজরাট ও গোয়ায় অবস্থান ও অভিজ্ঞতা খুব ভালো হবে বলে আমি আশাবাদী। বিশেষভাবে আমি আশা করি, গোয়ায় আপনার সফর স্মরণীয় হবে এবং আপনার পূর্বপুরুষদের শেকড়ের সঙ্গে আপনি সংযোগ খুঁজে পাবেন।

আপনাকে ধন্যবাদ।

আপনাদের সবাইকে বিশেষ ধন্যবাদ ।